

আন্তর্জাতিক মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবসে
জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

২৬ জুন ২০০৫

আন্তর্জাতিক মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবসে আমরা পৃথিবীর লক্ষ লক্ষ মানুষের স্বাস্থ্যসম্মতভাবে বেঁচে থাকার সিদ্ধান্তকে অভিনন্দন জানাই এবং আর যারা মাদকদ্রব্য ব্যবহার বন্ধ করেছে আমরা তাদের সাহসের প্রশংসা করি। একই সাথে, যারা মাদকদ্রব্য ব্যবহার করছে অথবা যাদের মাদকদ্রব্য ব্যবহারে প্রলুব্ধ হবার সম্ভাবনা আছে-সেসব মানুষের প্রতি আমাদের একান্ত আবেদন- "নিজেকে মূল্যায়ন করুন...সুস্বাস্থ্যের অনুকূলে সিদ্ধান্ত নিন"।

বর্তমানে প্রায় দুইশত কোটি লোক অবৈধ মাদকদ্রব্য ব্যবহার করছে, এই সত্যটিকে সবার নজরে আনার জন্য দিবসটি একটি উপলক্ষ্যও বটে। এই মাদকদ্রব্যগুলোর রঙিন ও প্রলোভিত করার মত কিছু নাম আছে যেমন; ক্র্যাক, পট, জাঙ্ক, ক্রিস্টাল মেথ এবং ডিস্কো বিস্কুটস্, যেগুলো মৃত্যুর ছাড়পত্রেরও অধিক। যারা আসক্তির ফাঁদে পড়েছে তাদের জন্য চিকিৎসা একটি উপায় এবং চিকিৎসাসেবা পাওয়ার সিদ্ধান্ত শুধু সাহসিকতাপূর্ণই নয়, জীবন রক্ষাকারীও। যারা মাদকদ্রব্য অপব্যবহারের ঝুঁকিপূর্ণ পথে পতিত হয়েছে তাদের কাছ থেকে যারা এ পথে যায়নি তাদের শিক্ষাগ্রহণ করা এবং ভবিষ্যতে এ পথে না যাওয়ার স্থির সিদ্ধান্ত নেয়া উচিত।

সুস্বাস্থ্যের অনুকূলে সিদ্ধান্ত নেয়ার আরেকটি অর্থ হলো সেই জীবনপদ্ধতি নির্বাচন করা, শরীর এবং মনের উপর যার স্পষ্ট প্রভাব রয়েছে। যেমন, ভাল থাকার জন্য এবং স্বাস্থ্যের উন্নতিবিধান করার জন্য প্রয়োজন খেলাধুলায় অংশগ্রহণ করা, দলের কর্মীদের প্রতি সহযোগিতার মনোভাব পোষণ এবং শৃঙ্খলার শিক্ষা দেয়া এবং আত্মবিশ্বাস স্থাপন করা।

আজকের এই দিনে, আসুন মাদকমুক্ত সমাজে বসবাস করার জন্য আমরা আমাদের সমন্বিত প্রয়াসগুলো জোরদার করি এবং আমাদের মত সকল মানুষের সুস্থ-সুন্দর জীবনযাপনের ব্যক্তিগত সিদ্ধান্তকে উৎসাহিত করি।

* * * *